
সংখ্যা
১
ঘুম ভাঙলো পুম্যানের!
পুম্যান
ও গুপ্তধন

Practical
ACTION

প্র্যাকটিক্যাল এ্যাকশন

দ্য রবিনস্ বিল্ডিং
২৫ এ্যালবার্ট স্ট্রিট
রাগবি, সিভি ২১ ২এসডি
যুক্তরাজ্য
দাতব্য নিবন্ধন নম্বর - ২৪৭২৫৭
+৪৪(০)১৯২৬ ৬৩৪৪০০

**বাংলাদেশ অফিস**
বাড়ি-২৮/এ, সড়ক-০৫, ধানমণ্ডি, ঢাকা-১২০৫
টেলিফোন: +৮৮০ ২ ৯৬৭২৬৮৩, ৯৬৭৫২৩৬ ৯৬৭৫২৪৩
ফ্যাক্স: +৮৮০ ২ ৯৬৭৪৩৪০

**প্রচ্ছদ ও চিত্রায়ন**
তৌফিক ফেরদৌস
স্টুডিও প্ল্যাটফর্ম

**পর্যালোচক**
প্লাবন গাঙ্গুলী, প্র্যাকটিক্যাল এ্যাকশন
আল-আমিন, প্র্যাকটিক্যাল এ্যাকশন

**সেপ্টেম্বর, ২০২০**

এই কমিক বইটি, যথাযথ পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে শিশু-কিশোরদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্র্যাকটিক্যাল এ্যাকশন কর্তৃক প্রণীত ও প্রকাশিত। পূর্বাণুমতি গ্রহণ ও যথাযথ কৃতজ্ঞতা প্রদান সাপেক্ষে, এই প্রকাশনাটির সম্পূর্ণ বা অংশবিশেষ, অবিকৃতভাবে ও অবাণিজ্যিক উদ্দেশ্যে উদ্ধৃত বা ব্যবহার করা যাবে

**সার্বিক সহযোগিতা**
BILL & MELINDA GATES foundation


একদম দুষ্টামি করবিনা চম্পক!
মনে আছে তো কোন সমস্যা হলে কি করবি?
হ্যাঁ বাবা, যা করবো বুদ্ধি খাটিয়ে করবো!
ঠিক আছে তাহলে, দুপুরে ঠিক মত খেয়ে নিস কিন্তু, আমরা সন্ধ্যায় ফিরে আসব
আজ চম্পকের মন খুব ভালো কারণ মা-বাবা দেশের বাড়ি গিয়েছে, পুরো ঘরে সে একা। সকাল থেকে স্পিকারে গান চলছে, টিভিতে চলছে নানান চ্যানেল, চলছে ফোনে গেমস খেলাও। চম্পককে আর পায় কে আজ!
আয়নার সামনে চম্পক নায়কের মতো পোজ দিয়ে বলছে...
টিকচিং ডিকচিং
হাই, আমি চম্পক, সবাইকে চমকে দেয়াই আমার কাজ!
হ্যালোওওও... আমি চম্পক!


এমন সময় হঠাৎ...
বন্ধু নাটাইয়ের ফোন...!!!
NATAI
আরে, হাগু চেপেছে তো! এমন সময় ফোনটা এলো...
হ্যালো...গু...
কিরে চম্পক হ্যালোর সাথে গু বলছিস যে? হাহাহাহা হাগু চেপেছে নাকি তোর?
আ...হ... শা...ন্তি... এবার বল
গ্লুক
গ্লুক
!!?
হঠাৎ কমোডের ভেতর রহস্যজনক শব্দে চম্পক চমকে ওঠে...


আমি রাখছি। কমোডে গণ্ডগোল হয়েছে
কি? দাঁড়া, আমি আসছি তোকে সাহায্য করতে...
চম্পক সাবান দিয়ে তাড়াতাড়ি হাত ধুয়ে কমোডের দিকে তাকায় ভালো করে...
?!
নাহ! কিছুই তো বুঝতে পারছি না! বাবা আসুক তারপর দেখা যাবে...
চম্পক আবার ড্রয়িং রুমে ফিরে আসে
টিং চিক টিং চিক
গান শুনলাম, টিভি দেখলাম, হাগুও হলো... এবার কি করা যায়?


চম্পক এবার টিভি আর স্পিকার বন্ধ করে গেমস খেলতে বসে
বুম
ঐদিকে... কমোড উপচে হাগু ছড়িয়ে পড়েছে। সেই হাগু আবার দরজার এপাশেও চলে এসেছে...
চম্পক গেমস্ খেলতে খেলতে নাকে হাগুর গন্ধ পায়...
আরে! এ তো দেখি গুয়ের গন্ধ!!!
একি!!! কমোড উপচে গু যে সারা ঘরে ছড়িয়ে পড়ল...
মাছি পর্যন্ত চলে এসেছে!!!
এরা তো রোগ ছড়াবে
ভোঁ ভোঁ
বাবাকে ফোন করি!
আরে? নেটওয়ার্ক নেই দেখি!
যাই, বাড়িওয়ালার কাছে যাই


বাড়িওয়ালা ঐদিকে নাক ডেকে ঘুমাচ্ছে আর স্বপ্ন দেখছে পোলাও-মাংস! দরজায় ধুম ধাম শব্দে তার ঘুম ভাঙে।
ধাম
ধুম
ধুম
আহা! কত মজার স্বপ্ন দেখছিলাম। কে যে এলো!
কি ব্যাপার? কি চাই?
....
চম্পক বাড়িওয়ালাকে সব কথা খুলে বলে


এখন আমি কিছু করতে পারব না। যাও, বাসায় গিয়ে তোমার বাবাকে বলো
উফ! এই পিচ্চি বিরক্ত করো না। ব্যস্ত আছি এখন
একবার অন্তত দেখে যান আংকেল!
চম্পক মন খারাপ করে বাসায় ফিরে গুটিসুটি মেরে বসে থাকে
এদিকে গু ড্রয়িং রুম পর্যন্ত ছড়িয়ে গেছে!
বাড়িওয়ালা পাত্তাই দিলো না! বাবা-মা আসতেও অনেক দেরি
কি করতে পারি আমি? কেউ কি নেই আমাকে সাহায্য করার জন্য?


z z z
গুপ্তধন সার্ভিস
পুম্যান একটা ভ্যাকুটাগের উপর ঘুমিয়ে ছিলো। তার ভ্যাকুট্যাগের নাম হলো "গুপ্তধন সার্ভিস"। হঠাৎ একটা মাছি এসে তার আশেপাশে ভোঁ ভোঁ শুরু করে...
পুম্যানের ঘুম ভেঙে যায়
কে? কে আমার ঘুম ভাঙালো?
নামঃ ক্যাপসুল
পেশাঃ গুয়েন্দা মাছি
দেশঃ বাংলাদেশ
ওস্তাদ আমি!
আরে? ক্যাপসুল তুই?
চি..জ..জ..জ জ..জ..জ..জ ভোঁ..ভোঁ..ভোঁ ভন ভন ভন
ক্যাপসুল তাকে খুলে বলে চম্পকের বিপদের কথা...



পুম্যান চোখ বন্ধ করে মনে মনে চলে যায় চম্পকের বাসায়। সে দেখতে পায় চম্পকের দুর্দশা...
ক্যাপসুল
ঐ বাসার টয়লেটের পাইপ, গুয়ের লাইনের কানেকশন, সেপটিক ট্যাংক... সবকিছুর ছবি আমি চাই
আমি দেখতে চাই, সমস্যা আসলে কোথা থেকে শুরু...
ইয়েস বস!
ওকে বস!


বিদ্যুতের গতিতে পুম্যানের সাহসী গুয়েন্দা ক্যাপসুল ফিরে চম্পকের বাসায়...
এই যে বস, গুয়ের লাইন পাশের নদীতে
বস, দেখেন কোন সেপ্টিক ট্যাংক-ই নাই!
তারপর একে একে সব কটি জায়গা পুম্যানকে লাইভ ভিডিও করে দেখায় ক্যাপসুল...
এই দেখুন! ঘরের অবস্থা!
এই যে বাড়িওয়ালা!
হুমমম... ব্যাটা আবার দিনের বেলায় মশারি টানিয়ে ঘুমাচ্ছে... দাঁড়া! দেখাচ্ছি মজা পরে


চম্পক মন খারাপ করে বসে আছে। বন্ধু নাটাইও এর মধ্যে চলে এসেছে। সেও আটকা পড়েছে গুয়ের মধ্যে
বেটা বাড়িওয়ালা ফাঁকিবাজ! বাবা-মাকেও ফোনে পাচ্ছি না!
সারা ঘর গুয়ের গন্ধে ভরে গেছে। আমার বমি আসছে চম্পক... ওয়াক...ওয়াক...
হঠাৎ চম্পকের সামনে একটা অত্যাধুনিক যন্ত্র চালু হয়ে যায়। সেখানে দেখা যায় পুম্যানকে
একি! কি হচ্ছে?
যেখানে কোন নেটওয়ার্ক কাজ করে না, সেখানেও কাজ করে পুম্যানের নেটওয়ার্ক
ভয় পেও না চম্পক, আমি পুম্যান। গুয়ের সমস্যা সমাধান করাই আমার কাজ!
আমার গুয়েন্দা মাছি ক্যাপসুল আমাকে তোমার বিপদ সম্পর্কে জানিয়েছে
আমি এখন আমার গুমন্তর যন্ত্রের সাহায্যে চলে আসব তোমার বাসায়, তোমাকে সাহায্য করতে
পুম্যানকে দেখে আর তার কথা শুনে, চম্পকের চোখ ছানাবড়া!


গুমন্তর যন্ত্রের মাধ্যমে চলে আসে পুম্যান চম্পকের বাসায়!
আহা! কী অবস্থা হয়েছে ঘরটার! দাঁড়াও, আমি একটু গুয়ের লাইনের সংযোগটা নিজের চোখে দেখে আসি
চম্পক ও বন্ধু নাটাই অবাক হয়ে যায়...
পুম্যান বাইরে এসে দেখে আসলেই গুয়ের লাইন দেয়া হয়েছে নদীতে...
ব্যাটা বাড়িওয়ালা! গুয়ের লাইন নদীতে দিয়ে রেখেছে
বাড়িওয়ালাকে মজা দেখাবো পরে। আগে গু সাফ করার যন্ত্রপাতিগুলো আনি


তারপর, পুম্যানের যন্ত্রপাতিরা নেমে যায় কাজে...
আরেব্বাহ, সুপার সুইপার পাওয়ার
ওয়াও! গো গো পুম্যান! সুপার সুইপার পুম্যান!
আরে! তোমার এটা তো ছোট্ট ঘর। কোন ব্যাপারই না! একবার তো পুরো কাকালাকা সভ্যতাই গুয়ে ডুবে গিয়েছিলো। তারপর আর কি? দিলাম সব ঠিক করে। তাও হবে ৫- ৬ হাজার বছর আগের কাহিনী!
চম্পক আরো অবাক হয়
আচ্ছা পুম্যান, এরকম সমস্যা আবারো হলে কি করব আমরা?
হাহাহা... চম্পক, পুম্যান যখন চলে এসেছে তখন এত চিন্তা কি? এবার হবে পার্মানেন্ট সমাধান যাতে এরকম সমস্যা আর না হয়। এসো, কয়েকটা বুদ্ধি করা যাক...
তারপর...চম্পক, নাটাই আর পুম্যান মিলে বুদ্ধি করে... তারপর হাই ফাইভ করে...
এবার খেলা শুরু


বাবাকে বলতে হবে, এখন থেকে যেন শুধু যন্ত্রপাতি দিয়েই পরিষ্কার করায়
বাহ!
কি চমৎকার আধুনিক ব্যবস্থা!
পুরো বিদেশী ব্যাপার-স্যাপার!
কাউকে আর ময়লার মাঝে নামতে হয় না!
কত দ্রুত সব পরিষ্কার হয়ে যায়!
স্কুলের বন্ধুদেরও বলতে হবে তো
সঅঅঅঅব
পরিষ্কাআআআর


বস, বস...
সাফাই শেষ!
বেশ! চম্পকের বাসা হলো এবার গু মুক্ত! এবার করতে হবে গুয়ের সমস্যার পার্মানেন্ট সমাধান
টিম পুম্যান!
ইয়েস!
এরপর কি ঘটে?
তা জানতে পড় পরবর্তী সংখ্যা...

নিজেই রং করো ইচ্ছেমত

# পুম্যান

চম্পক ও নাটাই




নিজেই
রং করো
ইচ্ছেমত


পুম্যান
পুম্যান কি পারবে
এই সমস্যার
পার্মানেন্ট সমাধান করতে?
সেই উত্তর জানতে পড়
সংখ্যা ২

## কি ঘটে এই সংখ্যায়...



চম্পক বাসায় একা।
কমোডের গুয়ের লাইনে শুরু হয় গড়বড়।
পুরো ঘর ভরে যায় গুয়ে।
চম্পক পরে যায় বিপদে।
চম্পকের বাবা-মা গ্রামের বাড়িতে আর
বাড়িওয়ালা ঘুমাচ্ছে নাক ডেকে।
চম্পকের বন্ধু নাটাই আসে সাহায্য করতে কিন্তু
কি যে করবে বুঝে উঠতে পারে না।
এমন অবস্থায় গুয়েন্দা মাছি ক্যাপসুল চম্পকের
বিপদের খবর পৌঁছে দেয় পুম্যানের কাছে।

## কে এই পুম্যান?

### কিভাবেই বা সাহায্য করবে চম্পককে?



